



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৩৭/২০১৬/ ১৫১৩৫

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬


অফিস আদেশ

খানাকুনিয়ারী পোরগোলা একপাই রব্বানীয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: কদমতলা, উপজেলা: সদর, জেলা: পিরোজপুর-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২২-০২-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০২৬ থেকে ২৬-০৪-২০২৯ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. ফাজিল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও উপস্থিতি নিশ্চিত করার পাশাপাশি শ্রেণিকক্ষে মূল কিতাব পড়াতে হবে;
২. জরাজীর্ণ অবস্থায় থাকা টিনের ঘরগুলোর ফ্লোর পাকা করার পাশাপাশি ক্লাসের উপযোগী করত: পর্যাপ্ত লাইট ও ফ্যানের ব্যবস্থা করতে হবে;
৩. মাদরাসার অবকাঠামোর উন্নয়নসহ নতুন ভবন নির্মাণের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং মাদরাসাসহ পুরো অঞ্চল জমিতে ভাউন্ডারি ওয়াল নির্মাণ করতে হবে;
৪. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে;
৫. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড, আইডি কার্ড ও মাদরাসায় সিসি টিভি, আইপিএস-এর ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে এবং প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
৬. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্ট্রার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করার পাশাপাশি শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
৭. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৮. সময় সময় দেয়ালিকা প্রকাশসহ মাদরাসার খালি জায়গায় এবং বাড়ির আঙিনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে এবং আধুনিক ও সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি মাদরাসার সকল অ্যালামনাইদের নাম, ঠিকানা, কর্মস্থল ও মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;
৯. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে


(প্রফেসর ড. হুসাইন আহম্মেদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়


অধ্যক্ষ, খানাকুনিয়ারী পোরগোলা একপাই রব্বানীয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: কদমতলা, উপজেলা: সদর, জেলা: পিরোজপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৩৭/২০১৬/ ১৫১৩৫(০৭)

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, খানাকুনিয়ারী পোরগোলা একপাই রব্বানীয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: কদমতলা, উপজেলা: সদর, জেলা: পিরোজপুর।
৭. অফিস নথি।


(আরিফ আহম্মেদ) ০৭.১০.২০২৬
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫